দৈনিক
ইত্তেফাক

তারিখ 27 JAN 2016
পৃষ্ঠা ৭৫ কলাম ২

# ১৬ বছরেও এমপিওভুক্ত হয়নি মান্দার হাট চৌবাড়িয়া কলেজ

■ মান্দা (নওগাঁ) সংবাদদাতা

নওগাঁর মান্দা উপজেলার হাট চৌবাড়িয়া কলেজ দীর্ঘ ১৬ বছরেও এমপিওভূক্ত হয়নি। এতে কলেজটির শিক্ষক কর্মচারীরা তাদের পরিবার পরিজন নিয়ে মানবেতর জীবন যাপন করছেন। জানা গেছে, সরকারি নীতিমালা অনুযায়ী প্রতিটি উপজেলায় নির্দিষ্ট দূরত্বে কলেজ প্রতিষ্ঠার বিধান রয়েছে। এ নীতিমালা মেনেই এলাকার গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের কথা বিবেচনা করে দাতার নিজস্ব ৯৯ শতাংশ জমির ওপর কলেজটি প্রতিষ্ঠিত হয়। বর্তমানে কলেজটির একাদ্বশ-দ্বাদশ শ্রেণিতে প্রায় ২৩৫জন শিক্ষার্থী রয়েছে এবং ১৩ জন শিক্ষক ও ১১ জন কর্মচারী কর্মরত রয়েছেন। গত ১০ বছরে এইচএসসি পরীক্ষায় পাশের হার প্রায় শতভাগ। তাই এমপিওভুক্তির সকল শর্ত পূরণ সত্ত্বেও উপেক্ষিত থেকে গেছে প্রতিষ্ঠানটি। বহু বার আবেদন নিবেদন করেও দীর্ঘ ১৬ বছরে এমপিওভূক্ত হয়নি। পায়নি সরকারি কোন অনুদান বা সুযোগ-সুবিধা। ফলে শিক্ষক কর্মচারীদের মধ্যে বর্তমানে অসন্তোষ দেখা দিয়েছে।

কলেজ অধ্যক্ষ মোঃ রফিকুল ইসলাম ক্ষোভ প্রকাশ করে বলেন, বেতনবিহীন ১৬ বছর চাকরি করার পর আগামী কয়েক বছরের মধ্যে অনেকেই অবসর নিবেন। ফলে এমপিওভূক্ত না হওয়ায় তাদের সামনে অনিশ্চিত ভবিষ্যত এবং পরিবার পরিজন নিয়ে তারা মানবেতর জীবন যাপন করছেন।